# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৩৭

২. পবিত্রতা অর্জন (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১. ওযুর পদ্ধতি

بَاب الْعَمَلِ فِي الْوُضُوءِ

আরবী

قَالَ يَحْيَى سُئِلَ مَالِك عَنْ رَجُلٍ تَوَضَّأَ فَنَسِيَ فَغَسَلَ وَجْهَهُ قَبْلَ أَنْ يَتَمَضْمَضَ أَوْ غَسَلَ ذِرَاعَيْهِ قَبْلَ أَنْ يَغْسِلَ وَجْهَهُ فَقَالَ أَمَّا الَّذِي غَسَلَ وَجْهَهُ قَبْلَ أَنْ يَتَمَضْمَضَ فَلْيُمَضْمِضْ وَلَا يُعِدْ غَسْلَ وَجْهِهِ وَأَمَّا الَّذِي غَسَلَ ذِرَاعَيْهِ قَبْلَ وَجْهِهِ فَلْيَغْسِلْ وَجْهَهُ ثُمَّ لْيُعِدْ غَسْلَ ذِرَاعَيْهِ حَتَّى يَكُونَ غَسْلُهُمَا بَعْدَ وَجْهِهِ إِذَا كَانَ ذَلِكَ فِي مَكَانِهِ أَوْ بِحَضْرَةِ ذَلِكَ

বাংলা

রেওয়ায়ত ৭. মালিক (রহঃ)-কে প্রশ্ন করা হইল এমন এক লোক সম্পর্কে যে ওযু করিয়াছে এবং ভুলে কুলি করার পূর্বে মুখমণ্ডল ধুইয়া ফেলিয়াছে অথবা মুখমণ্ডল ধোয়ার পূর্বে ধুইয়াছে দুই হাত। তিনি (উত্তরে) বলিলেনঃ কুলি করার আগে যে ব্যক্তি মুখমণ্ডল ধুইয়াছে সে কুলি করিয়া লইবে এবং পুনরায় আর মুখমণ্ডল ধুইবে না। আর যে ব্যক্তি মুখমণ্ডল ধোয়ার পূর্বে তাহার হস্তদ্বয় ধুইয়াছে সে মুখমণ্ডল ধুইবে এবং পুনর্বার উভয় হাত ধুইবে, যেন হস্তদ্বয় ধোয়ার কাজ মুখমণ্ডল ধোয়ার পরে হয়। তবে ইহা তখন করিবে যখন সে ওযুর স্থানে অথবা উহার নিকটবর্তী স্থানে থাকে।

## English

Yahya said that Malik was asked what a man should do if, when he did wudu, he forgot and washed his face before he had rinsed his mouth, or washed his forearms before he had washed his face. He said, "If someone washes his face before rinsing his mouth, he should rinse his mouth and not wash his face again. If someone washes his forearms before his face, however, he should wash his forearms again so that he has washed them after his face. This is if he is still near the place (of wudu)."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72928

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন